



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. undfcht@yahoo.com Website: www.undfcht.com

Ref:

Date: ৪ এপ্রিল ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

**মানিকছড়িতে ইউপিডিএফ সদস্য হুাচিং মং মারমা উষা হত্যার প্রতিবাদে
আগামীকাল (বুধবার) খাগড়াছড়ির ৫ উপজেলায় সড়ক অবরোধের ডাক**

খাগড়াছড়ির মানিকছড়িতে সেটলার বাঙালি কর্তৃক ইউপিডিএফ সদস্য হুাচিং মং মারমা (উষা) হত্যার প্রতিবাদে এবং খুনীদের গ্রেফতার ও শাস্তির দাবিতে আগামীকাল বুধবার, ৫ এপ্রিল ২০২৩ সকাল সাড়ে ৫টা থেকে দুপুর ১২টা পর্যন্ত আধাবেলা শান্তিপূর্ণ সড়ক অবরোধের ডাক দেয়া হয়েছে। খাগড়াছড়ি জেলার মাটিরঙ্গা, গুইমারা, মানিকছড়ি, রামগড় ও লক্ষ্মীছড়ি এই পাঁচ উপজেলায় উক্ত কর্মসূচি পালন করা হবে। ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট-এর উক্ত উপজেলা কমিটিগুলো জনগণকে সাথে নিয়ে এই অবরোধ কর্মসূচি পালন করবে।

গতকাল সোমবার উষা মারমা হত্যার প্রতিবাদে খাগড়াছড়ির মানিকছড়িতে ইউপিডিএফ কর্তৃক আয়োজিত সমাবেশ থেকে উক্ত অবরোধের ডাক দেয়া হয়।

আজ মঙ্গলবার (৪ এপ্রিল) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা এক বিবৃতিতে হুাচিং মং মারমা হত্যার প্রতিবাদে ডাকা আগামীকাল বুধবারের আধাবেলা শান্তিপূর্ণ সড়ক অবরোধ কর্মসূচি সফল করতে খাগড়াছড়ি জেলার অধীন সকল যানবাহন মালিক ও শ্রমিক সমিতিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছেন।

সংবাদপত্র ও পত্রিকাবাহী যানবাহন, এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিসের গাড়ি এবং গ্যাস, বিদ্যুৎ ও টেলিফোনের জরুরী কাজে নিয়োজিত যানবাহন অবরোধের আওতামুক্ত থাকবে বলে তিনি জানিয়েছেন।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা বিনা কারণে ও বিনা বিচারে ইউপিডিএফ সদস্য হুাচিং মং মারমা হত্যার ঘটনাকে অত্যন্ত জঘন্য ও মধ্যযুগীয় বর্বরতা বলে বর্ণনা করেন এবং অবিলম্বে খুনীদের গ্রেফতার-পূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

উল্লেখ্য গত রবিবার হুাচিং মং মারমা (উষা) সাংগঠনিক কাজে যোগ্যেছোলা ইউনিয়নের স্কুলপাড়া নামক স্থানে গেলে সেটেলার বাঙালিরা তাকে ধরে নির্মমভাবে মারধর করে পুলিশের কাছে তুলে দেয়। এরপর তাকে আহত অবস্থায় খাগড়াছড়ি সদর হাসপাতালে ভর্তি করা হলে সেখানে তিনি মারা যান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।